**শেখ হাসিনার মূলনীতি**
**গ্রাম শহরের উন্নতি**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
প্রশাসন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd

বিষয় : জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কর্তৃক ১৯৭১ সালে ৭ মার্চ প্রদত্ত ভাষণের দিনটিকে ঐতিহাসিক ৭ই মার্চ ২০২২ জাতীয় দিবস হিসেবে উদযাপন উপলক্ষে জাতীয় কর্মসূচির আলোকে স্থানীয় সরকার বিভাগ এবং আওতাধীন দপ্তর/সংস্থা/স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়নের লক্ষ্যে Zoom Apps – এর মাধ্যমে ভার্চুয়াল সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব হেলালুদ্দীন আহমদ
সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ।
তারিখ : ০১/০৩/২০২২ খ্রি.
সময় : বিকাল ০৪.০০ ঘটিকা
স্থান : ভার্চুয়াল (জুম অ্যাপ)

সভার প্রারম্ভে সভাপতি গভীর শ্রদ্ধার সাথে স্মরণ করেন সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে, যার জন্ম না হলে বাংলাদেশ স্বাধীন হতো না। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৭ই মার্চের ঐতিহাসিক ভাষণের তাৎপর্য অনেক গভীর। ২০১৭ সালের ৩০ অক্টোবর ইউনেস্কো (UNESCO) ঐতিহাসিক এই ভাষণকে বৈশ্বিক দলিল (Memory of the World Register-এ অন্তর্ভূক্তিকরণ) হিসেবে স্বীকৃতি দেয়ায় আন্তর্জার্তিক পরিমন্ডলেও এ ভাষণের তাৎপর্য ও গুরুত্ব অনেক বৃদ্ধি পেয়েছে। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কর্তৃক ১৯৭১ সালের ৭ মার্চে প্রদত্ত ভাষণের দিনটিকে ঐতিহাসিক ৭ই মার্চ দিবস হিসেবে ঘোষণা এবং দিবসটিকে ক শ্রেণিভূক্ত হিসেবে ঘোষণা করে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক গত ১৫ অক্টোবর ২০২০ তারিখে পরিপত্র জারি করা হয়েছে। পরিপত্রে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় দিবসটি উদযাপনের উদ্যোক্তা মন্ত্রণালয় হিসেবে দায়িত্ব পালন করবে মর্মে উল্লেখ রয়েছে। দিবসটি যথাযোগ্য মর্যাদায় সুন্দর, সুষ্ঠু, পরিবেশে উদযাপনের লক্ষ্যে বিস্তারিত আলোচনায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহিত হয়ঃ

| নং | কর্মসূচি | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ১। | ৭ মার্চ ২০২২ তারিখ প্রভাতে ধানমন্ডির ৩২নং সড়কে বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরে জাতির পিতার প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে শ্রদ্ধা জ্ঞাপন | স্থানীয় সরকার বিভাগ, এনআইএলজি, রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়, এলজিইডি, ডিপিএইচই, ঢাকা ওয়াসা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন এবং ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন। |
| ২। | সকল সরকারি ও বেসরকারি টেলিভিশন, রেডিও চ্যানেল এবং কমিউনিটি রেডিওসমূহ ঐতিহাসিক ৭ই মার্চ ২০২২ দিবস উপলক্ষ্যে বিভিন্ন অনুষ্ঠানমালা প্রচারের ব্যবস্থা গ্রহণ করবে | স্থানীয় সরকার বিভাগ, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন এবং ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন। |

| নং | কর্মসূচি | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ৩। | জাতীয় অনুষ্ঠানের সঙ্গে সংগতি রেখে সকল সিটি কর্পোরেশন, পৌরসভা, জেলা পরিষদ, উপজেলা পরিষদ ও ইউনিয়ন পরিষদসমূহে যথাযোগ্য মর্যাদায় ঐতিহাসিক ৭ই মার্চ, ২০২২ দিবস উদযাপন করবে। | স্থানীয় সরকার বিভাগ এবং আওতাধীন দপ্তর/সংস্থা ও সকল স্থানীয় সরকার প্রতিষ্ঠান; |
| ৪। | ঐতিহাসিক ৭ই মার্চ ২০২২ দিবস উপলক্ষ্যে ঢাকা শহরের নিম্নোক্ত সড়ক দ্বীপসমূহ এবং অন্যান্য গুরুত্বপূর্ণ সুবিধাজনক স্থানসমূহে ফেস্টুন দ্বারা সজ্জিত করতে হবেঃ<br>• হোটেল সোনারগাঁও এবং হোটেল ইন্টারকন্টিনেন্টাল এর সম্মুখস্থ সড়ক দ্বীপ;<br>• শিক্ষা ভবন থেকে পররাষ্ট্র মন্ত্রণালয় পর্যন্ত সড়ক দীপসমূহ;<br>• সচিবালয়সহ জিপিই মোড় ও বায়তুল মোকাররম উত্তর গেইট;<br>• হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দরের সড়ক দ্বীপসমূহ;<br>• প্রধানমন্ত্রীর কার্যালয়ের সম্মুখস্থ সড়ক দ্বীপ;<br>• শাপলা চত্বর, মতিঝিল;<br>• ছাত্র-শিক্ষক কেন্দ্র ও কার্জন হল সম্মুখস্থ সড়ক দ্বীপসমূহ;<br>• বাংলাদেশ জাতীয় যাদুঘর থেকে বাংলাদেশ সুপ্রীম কোর্টের সমুখের সড়ক দ্বীপসমূহ;<br>• রাসেল স্কয়ার, মিরপুর রোড;<br>• শাহবাগ থেকে এয়ারপোর্ট পর্যন্ত সকল ফ্লাইওভার এবং ফুটওভার ব্রিজসমূহ | ঢাকা উত্তর সিটি কর্পোরেশন এবং ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন। |
| ৫। | শহিদ সোহরাওয়ার্দী উদ্যানে অনুষ্ঠানস্থলে ঢাকা ওয়াসা বিশুদ্ধ খাবার পানি সরবরাহ করবে | ঢাকা ওয়াসা এবং ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন। |
| ৬। | শহিদ সোহরাওয়ার্দী উদ্যানে কমপক্ষে ১০টি ভ্রাম্যমাণ টয়লেট স্থাপন করতে হবে। মহিলাদের জন্য ৫টি ভ্রাম্যমাণ টয়লেট স্থাপন করতে হবে। টয়লেটসমূহ সার্বক্ষনিক পরিস্কার রাখার জন্য পরিচ্ছন্নতা কর্মী রাখতে হবে। টয়লেটসমূহে সার্বক্ষণিক পানি সরবরাহ নিশ্চিত করতে হবে। | জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা ওয়াসা এবং ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন। |
| ৭। | শহিদ সোহরাওয়াদী উদ্যান এলাকার আশে পাশে ধুলাবালি রোধকল্পে সংশ্লিষ্ট এলাকায় পানি ছিটানোর ব্যবস্হা করতে হবে। | ঢাকা ওয়াসা এবং ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন। |

| নং | কর্মসূচি | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ৮। | সকল মন্ত্রণালয়/বিভাগ, সরকারি/আধাসরকারি স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান, দপ্তর/সংস্থার ভবনসমূহে আলোক সজ্জা করতে হবে। | স্থানীয় সরকার বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা ও সকল স্থানীয় সরকার প্রতিষ্ঠান; |
| ৯। | স্থানীয় সরকার বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা ও স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহে স্থাপিত ডিজিটাল বিলবোর্ড ও ইলেক্ট্রনিক বিলবোর্ডের মাধ্যমে ঐতিহাসিক ৭ই মার্সের ভাষণ প্রচার করতে হবে। | স্থানীয় সরকার বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা এবং স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ |

সভাপতি ঐতিহাসিক ৭ই মার্চ ২০২২ জাতীয় দিবস যথাযোগ্য মর্যাদায় উদযাপনে সকলের আন্তরিক সহযোগিতা কামনা করেন এবং ধন্যবাদ জ্ঞাপন করেন।

০৩/৩/2022

(হেলালুদ্দীন আহমদ)
সিনিয়র সচিব
স্থানীয় সরকার বিভাগ

নং- ৪৬. ০০. ০০০০. ০৩৯. ০১৮. ০০১.২০২০-২৫৯ তারিখঃ ১৮ ফাল্গুন ১৪২৮ / ০৩ মার্চ ২০২২

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্হা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলঃ

বিতরণ:

১। অতিরিক্ত সচিব (সকল)/মহাপরিচালক (পমূপ), স্হানীয় সরকার বিভাগ।

২। যুগ্মসচিব (সকল), স্হানীয় সরকার বিভাগ।

৩। উপসচিব (সকল), স্হানীয় সরকার বিভাগ।

৪। সিনিয়র সহকারী সচিব (সকল), স্হানীয় সরকার বিভাগ।

৫। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ।

৬। সহকারী সচিব(সকল)/হিসাবরক্ষণ কর্মকর্তা/সহকারী প্রোগ্রামার/সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, স্হানীয় সরকার বিভাগ।

দপ্তর/সংস্থা/সিটি কর্পোরেশন:

১। প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর/ জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা।

২। মহাপরিচালক, জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট, ঢাকা/রেজিস্ট্রার জেনারেল, রেজিষ্ট্রার জেনারেলের কার্যালয়, জন্ম ও মৃত্যু নিবন্ধন।

৩। প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন/ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।

৪। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ওয়াসা/চট্রগ্রাম ওয়াসা/খুলনা ওয়াসা/রাজশাহী ওয়াসা।

৫। প্রধান নির্বাহী কর্মকর্তা, গাজীপুর/চট্রগ্রাম/রাজশাহী/খুলনা/সিলেট/বরিশাল/নারায়নগঞ্জ/কুমিল্লা/রংপুর/ময়মনসিংহ সিটি কর্পোরেশন।


MMRahman 03/03/2022

এ কে এম মিজানুর রহমান

উপসচিব

ফোন- ৯৫৪৬৬৭৭

E-mail: lgadmin1@lgd.gov.bd


অনুলিপিঃ

১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্হানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।

২। সিনিয়র সচিবের একান্ত সচিব, স্হানীয় সরকার বিভাগ।